# অনুভূতির সঞ্চয়

- সঞ্চয়িতা নাথ

কবিতাঃ পলাশ কাব্য

পৃথিবীর উচ্ছিষ্ট বহন করে কাব্য হতে চাই না আর !
চাই না রঙ বেরঙের তুলিতে ক্যানভাসে আঁকা ছবি হতে......
কখনো পাহাড়ী ঝর্ণায় ভিজে গেছে শরীর, কখনো আলতা পায়ে নূপুরের ছন্দ, কলসী কাঁখে মেঠো পথে গাঁয়ের বধূ,
কখনো আবার নগ্ন আঁচলে ফুটিয়ে তুলিস যৌবন সিক্ত কামনার আগুন, কখনো রামধনু রঙে রাঙিয়ে দিস তৃষ্ণার্ত বুক.......
আস্ত আকাশ টা দিস নি তো কখনো !!
আমি হারিয়ে যেতে চাই তোর বুকের গহীন অরণ্যে,
পাহাড়, নদী, ঝর্ণা, রামধনু ও বৃষ্টির উষ্ণতায় ভেসে যেতে চাই তো সাথে,
নীল সাগরের অন্তহীন ঢেউয়ের প্রতিটি দোলায় হারিয়ে যেতে চাই অনন্তের খোঁজে, চাই প্রাণের স্পন্দন--,
চাই আলিঙ্গন, রক্ত মাংসের স্বপ্ন বুনতে চাই, অনুভব করতে চাই তোর হাতের ঐ রঙ তুলির স্বাদ।
চাই মেঘমুক্ত আকাশ, বাধাবিঘ্নহীন পৃথিবীর জোয়ার, তোর প্রেমের প্রেমিকা হয়ে সইতে চাই একবুক বিরহ জ্বালা,
তোর গায়ের গন্ধ ভেজা বাতাসে শীতল হতে চাই।
তোর কাঁধে মাথা রেখে ঘুরে বেড়াই পৃথিবী বিস্তৃত উদ্যান,
তোর ঠোঁট ছুঁয়ে সিক্ত হয়ে উঠুক আমার আকাঙ্খার শূণ্যতার পূর্ণতা---,
চাই না হতে আর কাব্য.....
চাই না হতে উপন্যাসের খাঁচায় বন্দী মুখরোচক চিত্র প্রদর্শনীর চিত্রাঙ্কণ....

*****